

# মন খারাপের অন্যপিঠ

অরুণ্ধতী ভট্টাচার্য

আমার মন খারাপের একদিন

তোর জন্য ভালো থেকেছিলাম,  
তোর কথা সেদিন — পরীর দেশ!  
তোর হাত দুটো  
জিয়নকাঠি মরণকাঠি।

আমার মন খারাপের একদিন

তোকে ভালোবাসার কথা ভেবেছিলাম,  
তোর পায়ের শব্দ সেদিন — জঙ্গল!  
তোর মায়া সেদিন  
আসমুদ্র হিমাচল।

আমার মনখারাপের একদিন

তোকে ভালোবাসার কথা বলেছিলাম,  
তোতে পোঁছানর রাস্তাটা সেদিন — ছায়া ছায়া!  
তোকে দেখার সময়টা  
চুরি করা।

আমার মন খারাপের একদিন

তোকে ভালোবেসেছিলাম।  
তোর মনটা সেদিন — বৃষ্টি ভেজা!  
তোর চোখ দুটো সেদিন  
বসন্ত বাউড়ি।

আমার মনখারাপের একদিন

গুনে গুনে সব দিন  
সব তোকে ভালোবাসার দিন!